



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-৬৮সি/সংস্থা/৮২(শিম)/১৩৩৯

তারিখ : ২৭-০১-২০২০

বিষয়: বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত বেতন ফেরত প্রদান সংক্রান্ত।


সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭৭.০৯.০০৪.২০-১৭(৩০); তারিখ: ২২/০১/২০২০ খ্রি:

উর্পযুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গা, মাননীয় সংসদ সদস্য (রংপুর-২) এর অভিযোগের বিষয়ে গঠিত তদন্ত কমিটির প্রতিবেদনে প্রমাণিত হয়েছে যে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন আদায় করা হয়েছে যা বৃত্তি প্রদান সংক্রান্ত বোর্ডের নীতিমালায় উল্লিখিত ৩নং শর্তের পরিপন্থী।

বৃত্তি সংক্রান্ত বোর্ডের নীতিমালায় উল্লিখিত ৩নং শর্ত: “সকল মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী বিনা বেতনে অধ্যয়নের সুযোগ লাভ করবে। সরকারি অনুদান প্রাপ্ত ও শিক্ষা বোর্ডের অধিভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর নিকট থেকে মাসিক বেতন (টিউশন ফি) আদায় করতে পারবে না। বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট থেকে মাসিক বেতন (টিউশন ফি) আদায় করলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি ভঙ্গের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

উক্ত বিধি অমান্য করে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত অর্থ (টিউশন ফি) আগামী ২২-০২-২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে ফেরত প্রদান পূর্বক প্রামাণ্য কাগজপত্র বোর্ডে জমা দানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

  
২৭.০১.২০২০

প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

অধ্যক্ষ

আইডিয়াল স্কুল এন্ড কলেজ

মতিঝিল, ঢাকা-১০০০।

মেমো নং- ১৩৩৯(৪)

তারিখ : ২৭-০১-২০২০

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। সভাপতি, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা।
- ৩। অফিস কপি